দৈনিক বাংলা

তারিখ ৯/২/৮১

৮ ৳ ৳৮

468

085

# পাঠ্য পুস্তক কাগজের মূল্য হ্রাস দাবী

বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান) পাঠ্য পুস্তক ও কাগজ-কলমসহ শিক্ষা উপকরণের মূল্য হ্রাস এবং শিক্ষকদের জন্য অভিন্ন পে স্কেল দাবী করেছে। গত শনিবার লালকুঠিতে অনুষ্ঠিত সমিতির থানা পর্যায়ের প্রতিনিধিদের এক সভায় এসব দাবী জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব কামরুজ্জামান।

সভায় গৃহীত এক প্রস্তাবে বে-সরকারী মাধ্যমিক শিক্ষকদের পে-স্কেল প্রদানের কথা বলে প্রায় ৪ মাস যাবত স্কুলের সব রকম আর্থিক মঞ্জুরী বন্ধ করে রাখা হয়েছে বলে অভিযোগ করা হয়। মঞ্জুরী প্রদানের জন্য যেসব শর্ত আরোপ করা হয়েছে প্রস্তাবে তার প্রতিবাদ করা হয়।

শিক্ষকদের দাবী-দাওয়া নিয়ে আগামী মার্চে আন্দোলন গড়ে তোলার কর্মসূচী গ্রহণ করা হয়।

অন্য এক প্রস্তাবে ধর্মঘটরত প্রাথমিক শিক্ষকদের দাবী-দাওয়ার সঙ্গে একাত্মতা প্রকাশ করা হয় এবং তাঁদের দাবী মেনে নিতে আহবান জানানো হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।